

# বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজ এসোসিয়েশন (বিজিবিএ)

হাউজ-৩৭, ফ্ল্যাট-সি/এ (২য় তলা), রোড নং ২৭, ব্লক-এ

বনানী, ঢাকা-১২১৩

বিজিবিএ/নির্বাচন বোর্ড/২০২৪-২০২৬/২৮

তারিখ: ১২ মার্চ ২০২৪

বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজ এসোসিয়েশন (বিজিবিএ) এর ২০২৪-২০২৬ মেয়াদী দ্বি-বার্ষিক নির্বাচনী


## তফসিল (সংশোধিত)


বাণিজ্য সংগঠন আইন, ২০২২; বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এবং বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজ এসোসিয়েশন (বিজিবিএ) এর সংঘস্মারক ও সংঘবিধি অনুযায়ী এসোসিয়েশন এর দ্বি-বার্ষিক নির্বাচন ২০২৪-২০২৬ এর কার্যনির্বাহী কমিটির ১৫ (পনের) জন কার্যনির্বাহী সদস্য নির্বাচন এবং নির্বাচিত সদস্যগণের মধ্য থেকে ৯ (নয়) জন কর্মকর্তা (অফিস বেয়ারার) নির্বাচনের লক্ষ্যে গত ২১ নভেম্বর ২০২৩ তারিখে তফসিল ঘোষণা করা হয়।


ঘোষিত তফসিলের ক্রমিক নং ১৫ (অফিস বেয়ারার নির্বাচনের মনোনয়ন ফর্ম সংগ্রহ ও দাখিল) এর কার্যক্রমে কিছু অসামঞ্জস্যতা পরিলক্ষিত হওয়ায় নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত তফসিলের ক্রমিক নং ১৭ এর কার্যক্রম গত ০৪ মার্চ ২০২৪ তারিখে স্থগিত করা হয়। একই সাথে উল্লিখিত বিষয়ের উপর গত ০৭ মার্চ ২০২৪ এবং ১০ মার্চ ২০২৪ তারিখে নির্বাচন বোর্ডে একটি শুনানী অনুষ্ঠিত হয়। উক্ত শুনানীর সিদ্ধান্ত অনুযায়ী গত ২১ নভেম্বর ২০২৩ তারিখের ঘোষিত তফসিলে বর্ণিত ক্রমিক নং ১৫-১৭ ও ২০ নিম্নরূপভাবে সংশোধন করা হলো।

ক্রমিক নং	কার্যক্রমসমূহ	তারিখ ও সময়
১৫.	অফিস বেয়ারার নির্বাচনের মনোনয়ন ফর্ম সংগ্রহ ও দাখিল [চেয়ারম্যান, নির্বাচন বোর্ড এর অফিস (রুম নং ১১৮, ২য় তলা, ভবন নং ৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) থেকে সংগ্রহ ও দাখিল করতে হবে] [বি: দ্র: অফিস বেয়ারার নির্বাচনের ক্ষেত্রে একজন নবনির্বাচিত কার্যনির্বাহী সদস্য নিজে প্রার্থী হলে, সর্বোচ্চ ০৮ (আট) জন প্রার্থীর এবং নিজে প্রার্থী না হলে সর্বোচ্চ ০৯ (নয়) জন প্রার্থীর প্রস্তাবকারী/সমর্থনকারী হতে পারবেন।]	১৩ মার্চ ২০২৪ বুধবার (সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত)
১৬.	অফিস বেয়ারার নির্বাচনের মনোনয়ন ফর্ম বাছাই ও প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ (বিজিবিএ এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশিত হবে)	১৩ মার্চ ২০২৪ বুধবার
১৭.	(ক) অফিস বেয়ারার নির্বাচন [স্থান: চেয়ারম্যান, নির্বাচন বোর্ড এর অফিস কক্ষ (রুম নং ১১৮, ২য় তলা, ভবন নং ৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)]	১৪ মার্চ ২০২৪ বৃহস্পতিবার (দুপুর ২.৩০-৩.৩০ পর্যন্ত)
	(খ) অফিস বেয়ারার নির্বাচনের ফলাফল ঘোষণা [স্থান: চেয়ারম্যান, নির্বাচন বোর্ড এর অফিস কক্ষ (রুম নং ১১৮, ২য় তলা, ভবন নং ৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)]	১৪ মার্চ ২০২৪ বৃহস্পতিবার
২০.	নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ফলাফল ঘোষণা	১৮ মার্চ ২০২৪ সোমবার

\*\*\* নির্বাচন সংক্রান্ত পরবর্তী যাবতীয় বিজ্ঞপ্তি নির্বাচনী নোটিশ বোর্ড/এসোসিয়েশনের ওয়েবসাইটে প্রদর্শিত হবে।

  
২২.০৬.২০২৪  
তারফদার সোহেল রহমান  
উপসচিব  
বাণিজ্য মন্ত্রণালয়  
ও  
সদস্য  
নির্বাচন বোর্ড  
বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজ  
এসোসিয়েশন

  
২১.০৩.২০২৪  
আশরাফুর রহমান  
উপসচিব  
বাণিজ্য মন্ত্রণালয়  
ও  
সদস্য  
নির্বাচন বোর্ড  
বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজ  
এসোসিয়েশন

  
১০.৩.২০২৪  
শায়লা হোসাইন  
যুগ্মসচিব  
বাণিজ্য মন্ত্রণালয়  
ও  
চেয়ারম্যান  
নির্বাচন বোর্ড  
বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজ  
এসোসিয়েশন

## বিতরণ:

- মহাপরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- প্রশাসক, বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজ এসোসিয়েশন (বিজিবিএ), হাউজ-৩৭, ফ্ল্যাট-সি/এ (২য় তলা), রোড নং ২৭, ব্লক-এ, বনানী, ঢাকা
- নবনির্বাচিত কার্যনির্বাহী সদস্য (সকল), বিজিবিএ নির্বাচন ২০২৪-২৬, বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজ এসোসিয়েশন (বিজিবিএ), হাউজ-৩৭, ফ্ল্যাট-সি/এ (২য় তলা), রোড নং ২৭, ব্লক-এ, বনানী, ঢাকা

৪. অফিস সচিব, বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজ এসোসিয়েশন (বিজিবিএ), হাউজ-৩৭, ফ্ল্যাট-সি/এ (২য় তলা), রোড নং ২৭, ব্লক-এ, বনানী, ঢাকা
৫. নোটিশ বোর্ড/ওয়েবসাইট, বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজ এসোসিয়েশন (বিজিবিএ), হাউজ-৩৭, ফ্ল্যাট-সি/এ (২য় তলা), রোড নং ২৭, ব্লক-এ, বনানী, ঢাকা